

কাম্পিয়ান সাগরের তীরে ‘অল্পুত’এক উড়োজাহাজ

- A Monitor Desk Report

Date: 05 December, 2021



দেখতে অনেকটা উড়োজাহাজ'র মতো। কিন্তু সাধারণ উড়োজাহাজ বললে একটু কম বলা হয়। উড়োজাহাজ'র চেয়েও কয়েক গুণ বেশি ক্ষমতাসালী। এর নাম এক্রানোপ্ল্যান। রাশিয়ার নৌ বাহিনীর এয়ারক্র্যাফ্ট। এক্রানোপ্ল্যান একটি রাশিয়ান শব্দ। এর অর্থ 'গ্রাউন্ড এফেক্ট ভেহিকল'। কাম্পিয়ান সাগরের তীরে এই বিশাল উড়োজাহাজ দেখে যে কেউ চমকে যেতে পারেন।

এর আর এক নাম 'কাম্পিয়ান সি মনস্টার'। এক সময় কাম্পিয়ান সাগরের বুক থেকেই উড়ত এই 'দৈত্যাকার' উড়োজাহাজ। সে কারণেই এমন নামকরণ।

১৯৮৭ সালে সোভিয়েত ইউনিয়ন এই এক্রানোপ্ল্যান তৈরি করেছিল। ১৯৮৭ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত সোভিয়েত এবং রাশিয়ার নৌসেনা এই বিমান ব্যবহার করত।

জলে ভেসে থাকা অবস্থাতেও খুব সহজেই উড়তে পারত এটি। কিন্তু খুব বেশি দিন নৌসেনা এই বিমান ব্যবহার করেনি।

তিন বছর পর ১৯৯০ সালে অবসর নেয় এটি। তারপর থেকে ২০২০ সাল পর্যন্ত কাম্পিয়ানের উপকূলে পরিত্যক্ত হয়েই পড়েছিল এই লুন ক্লাস এক্রানোপ্ল্যান। নির্জন সমুদ্র তীরে এমন একটা এয়ারক্র্যাফ্ট দেখে যে কেউ চমকে যেতেন।

এই লুন ক্লাস এক্রানোপ্ল্যান দৈর্ঘ্যে ২৪০ ফুট। উচ্চতায় ৬৫ ফুট এবং দু'পাশে দুই ডানা-সহ এর প্রস্থ ১৪৪ ফুট।

সে সময়ে সোভিয়েত ইউনিয়নের জন্য এই শ্রেণির একটিমাত্র ভেহিকল তৈরি করা হয়েছিল।

রক্ষণাবেক্ষণের অভাবে এবং সমুদ্র উপকূলে দীর্ঘ সময় পড়ে থাকার দরুন এর অনেক অংশই ক্ষতিগ্রস্ত হয়েছে। ঐতিহাসিক এই এয়ারক্র্যাফ্টকে রক্ষা করার জন্য সম্প্রতি অভিনব উপায় নেওয়া হয়েছে।

এটিকে সমুদ্র উপকূল থেকে সরিয়ে নতুন একটি স্থানে নিয়ে যাওয়া হয়। দারবেস্ট শহরের কাছে পর্যটকদের জন্য একটি পার্কে রাখার সিদ্ধান্ত হয়। পার্কটি এখনও সাধারণের জন্য খোলা হয়নি।

